




১। চোরাচালান প্রতিরোধ। শুধুমাত্র চোরাচালান প্রতিরোধ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ২০১৬ সালে প্রায় ৩৮ কোটি ২৯ লক্ষ টাকার বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত ২৪ কোটি ৫০ লক্ষ টাকা মূল্যের চোরাচালানকৃত পণ্য আটক করেছে। চোরাচালান প্রতিরোধ অভিযানে সাম্প্রতিক কয়েক বছরের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ



২। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ**। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা করে ২০১৬ পর্যন্ত প্রায় ২৯৬ কোটি ৪৬ লক্ষ টাকা মূল্যের মাদকদ্রব্য আটক করেছে যার মধ্যে ৫৮,৬৬,৮৭৮ পিস ইয়াবা, ১১,৫২২ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৬.৬৮০ কেজি গাঁজা আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রায় ১৫২ কোটি ১৩ লক্ষ টাকা মূল্যের মাদকদ্রব্য আটক করেছে যার মধ্যে ৩০,৩১,৮৮৫ পিস ইয়াবা, ৩,৭৬০ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৪.২৫ কেজি গাঁজা আটক করেছে। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর মাদক বিরোধী অভিযানের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ



৩। **বনজ সম্পদ রক্ষা**। সুন্দরবনসহ দেশের অন্যান্য অঞ্চলের মূল্যবান বনজ সম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে কোস্ট গার্ড বাহিনী অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। ২০১৬ পর্যন্ত প্রায় ০৫ কোটি ৩০ লক্ষ টাকার প্রায় ১৭,৩২২.৩৬ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রায় ২ কোটি ১৯ লক্ষ টাকার প্রায় ১০৫৪৭.৮৪ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক ও ০৯ টি তক্ষক উদ্ধার করেছে। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর বনজ সম্পদ রক্ষা অভিযানের অর্জিত সাফল্যের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ



৬। বনদস্যু/ডাকাত/চোরাকারবারী আটক ও উদ্ধার অভিযান। উপকূলীয় অঞ্চলে কোস্ট গার্ড বাহিনীর অপারেশানে বনদস্যু/ডাকাত/চোরাকারবারী আটক এবং বিপন্ন জেলেদেরকে উদ্ধারের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক	আটককৃত মালামাল	২০১৪	২০১৫	২০১৬	২০১৭	সর্বমোট (১৯৯৬-২০১৭)
ক।	বনদস্যু/ডাকাত/চোরাকারবারী	৩৬৬ জন	২৩৬ জন	৩০৩ জন	১৩৫ জন	৩,৮৩৫ জন
খ।	বিপন্ন জেলে উদ্ধার	৯৪ জন	১২২ জন	৭০ জন	৯৪ জন	১,৪৩১ জন
গ।	অপহৃত/ভাসমান নৌকা উদ্ধার	১৪৩ টি	০৩ টি	০৭ টি	১১ টি	২৩০ টি
ঘ।	চোরাচালান প্রতিরোধ	১১৪ কোটি ০৩ লক্ষ	৬৪ কোটি ৪২ লক্ষ	৩৮ কোটি ২৯ লক্ষ	২৪ কোটি ৫০ লক্ষ টাকা	৫৯৪ কোটি ৭৬ লক্ষ
ঙ।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	৩৬ কোটি ০৭ লক্ষ	৬৮ কোটি	২৯৬ কোটি ৪৬ লক্ষ	১৫২ কোটি ১৩ লক্ষ টাকা	৫৯৩ কোটি ৯৩ লক্ষ
চ।	বনজ সম্পদ রক্ষা	১৯ কোটি ৬৯ লক্ষ	৮ কোটি ৮৫ লক্ষ	০৫ কোটি ৩০ লক্ষ	০২ কোটি ১৯ লক্ষ	৮২ কোটি ৮২ লক্ষ
ছ।	উদ্ধার অভিযান	৩০ টি	৩৫ টি	১৩ টি	২০ টি	৯৮ টি
জ।	মৎস্য সম্পদ রক্ষা	৮০৭ কোটি ৬২ লক্ষ	১২২২ কোটি ৮৮ লক্ষ	৯০৩ কোটি ১২ লক্ষ	১৭০৬ কোটি ২৪ লক্ষ টাকা	৬৬৭৭ কোটি ০৩ লক্ষ